

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৬৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - রুকু'

بَابُ الرُّكُوْع

আরবী

عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَقِيمُوا الرُّكُوعَ وَالسُّجُودَ فَوَاللَّهِ إِنِّي لأَرَاكُمْ من بعدِي»

বাংলা

কক্' সালাতের অন্যতম রুকন যা কুরআন, সুন্নাহ ও উম্মাতের ইজমা থেকে প্রমাণিত। রুক্'র শান্দিক অর্থ الْإِنْحِنَاءُ তথা মাথা ঝুকানো/নত করা এবং এর দ্বারা উদ্দেশ্য বিনয়ী হওয়া। বলা হয় কোন কোন তাফসীরকারকের মতে এ উম্মাতের জন্য ৩টি একটি (রুক্') বিশেষ বৈশিষ্ট্য। যেমন আল্লাহ তা'আলা বলেন, তাফসীরকারকের মতে এ উম্মাতের জন্য ৩টি একটি (রুক্') বিশেষ বৈশিষ্ট্য। যেমন আল্লাহ তা'আলা বলেন, ভাটিকুলি তামরা রুক্'কারীদের সাথে রুক্' কর", আর এ বিষয়টি এজন্য যে, ইয়াহূদী ও খৃষ্টানদের সালাতে রুক্' নেই এবং রুক্' মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার উম্মাতের জন্য বিশেষ বৈশিষ্ট্য। আর রুক্' দ্বারা উদ্দেশ্য 'সালাত''। যেমন আল্লাহ বলেন, وَارْكَفُوْا مَعَ الرَّاكِعِيْنَ (হে মারইয়াম (আঃ)!) তুমি মুসল্লীদের সাথে সালাত আদায় কর''- (সূরাহ্ আল বাক্লারাহ্ ২: ৪৩)। প্রতি রাক্'আতে রুক্' হওয়ার হিকমাত হলো রুক্'ই হচ্ছে সাজদার জন্য ভূমিকা স্বরূপ যা সর্বোচ্চ বিনয়। আর সিজদা (সিজদা/সেজদা) দু'বার হওয়ার উদ্দেশ্য এর মাধ্যমে বান্দা আল্লাহর সবচেয়ে নিকটবর্তী হয়। আবার অনেকে অন্য কথাও বলেছেন, তবে এ কথা সুস্পষ্ট এটি একটি 'ইবাদাত।

৮৬৮-[১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা রুকৃ' ও সিজদা (সিজদা/সেজদা) ঠিকভাবে আদায় করবে। আল্লাহর কসম! আমি নিশ্চয়ই তোমাদেরকে আমার পিছন দিক হতেও দেখি। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৭৪২, মুসলিম ৪২৫, আহমাদ ১২১৪৮।



ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি বুখারী, মুসলিম ও নাসায়ী সংকলন করেছেন।

হাফিয ইবনু হাজার আল আসকালানী (রহঃ) ফাতহুল বারীতে বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দেখাটা বাস্তবিক এবং সুস্পষ্ট, আর এ বিষয়টি তাঁর সাথেই সংশ্লিষ্ট এবং তাঁর শানেই প্রয়োজ্য। আর এটা ইমাম বুখারীর অভিমত। তিনি এ হাদীসটি চয়ন করেছেন في علامات النبوة "নুবূওয়্যাতের নিদর্শনের উপর"। অনুরূপ ইমাম আহমাদ ও অন্যান্য ইমামের অভিমত। এটা রসূলের মর্যাদার সাথেই প্রযোজ্য।

হাদীসের শিক্ষাঃ

- * রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর মু'জিযা যে, তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) পিছন দিক হতে দেখতেন।
- * সালাতের প্রতি যতুশীল ও সংরক্ষণকারী হওয়া এবং তা'দীল আরকান ও বিনয় ন্মতার সাথে আদায় করার ব্যাপারে উদ্বুদ্ধকরণ।
- * ইমাম সাহেব সালাত সংশ্লিষ্ট বিষয়ে মুক্তাদীদেরকে সতর্ক করবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন